চুয়াডাঙ্গার বেগমপুর সড়ক দৃর্ঘটনায় এক শিশুর মৃত্য

চুয়াডাঙ্গার বেগমপুর সড়ক দৃর্ঘটনায় আলমসাধুর চাকায় পিষ্ট হয়ে জিম নামের এক শিশুর করুন মৃত্য, দর্শনা অফিসঃ চুয়াডাঙ্গা বেগমপুরে হাটখোলার সামনে ইঞ্জিনচালিত অবৈধ আলমসাধুর ধাক্কায় চাকায় পিষ্ট হয়ে জিম খাতুন নামে (৪) এক শিশুর মর্মান্তিক হয়েছে। স্থানীয়রা ঘাতক আলমসাধুসহ চালক যুগিরহুদার হৃদয়কে আটক করে বেগমপুর ক্যাম্প পুলিশের নিকট সোপর্দ করেছে। মা-বাবা তাদের এক মাত্র মেয়ে জিমের এ মর্মান্তিক মৃত্যুতে পরিবার জুড়ে নেমে এসেছে শোকের ছায়া।

চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের বেগমপুর হাটখোলা পাড়ার আব্দুল্লাহ খামেনির মেয়ে জিম গতকাল রোববার সকাল সাড়ে ৮টার দিকে বাড়ির সামনের রাস্তা পার হয়ে বেগমপুর বাওয়ড়ে মায়ের কাছে যাচ্ছিলো। এসময় সরোজগঞ্জ বাজার থেকে বেগমপুর কোলনী বাড়াবাজারের দিকে আসা মাছের খাবার বোঝাই করা দ্রুতগতির একটি অবৈধ্য ইঞ্জিনচালিত আলমসাধুর ধাক্কায় চাকার নিচে পড়ে পিষ্ট হয় জিম খাতুন। এতে গুরুত্বর আহত হয় সে। তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে ভর্তি করা হলে সকাল সাড়ে ১০টার দিকে হাসপাতালের বেডে তার মৃত্যু হয়। এদিকে ঘটনার পরপরই স্থানীয়রা ঘাতক আলমসাধুসহ চালক কুতুবপুর ইউনিয়নের যুগিরহুদা গ্রামের আব্দুর রশিদের ছেলে হৃদয়কে (২০) আটক করে বেগমপুর ক্যাম্প পুলিশের নিকট সোপর্দ করে। দুপুর ১২টার দিকে জিমের মরদেহ বাড়িতে পৌছুলে পরিবার জুড়ে নেমে আসে শোকের ছায়া। জিম বাবা খামেনি ও মা সাদিয়ার একমাত্র মেয়ে। ওই সময় মা সাদিয়া কাড়চোড় কাচার জন্য বেগমপুর বাওয়েড়ের ঘাটে ছিলো। মাকে বাড়িতে না পেয়ে সে মায়ের কাছেই যাচ্ছিলো। শিশু জিমের মৃত্যুতে অভিভাবকদের কোন অভিযোগ না থাকায় বিকালে নামাজে জানাযা শেষে লাশের দাফন সম্পন্নকরে পরিবারের লোকজন। আটক হৃদয় জানায়, সরোজগঞ্জন বাজারের রাকিব ওয়েল মিল থেকে মাছার খাবার নিয়ে বেগমপুরে আসছিলো।

পথিমধ্যে এ দূর্ঘটনা ঘটে । চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. ওয়াহেদ মাহমুদ রবিন বলেন, শিশুটি মাথাসহ শরিরের বিভিন্নস্থানে গুরুতর আঘাত পেয়েছিল। ভর্তির প্রায় দুঘন্টা পর তার মৃত্যু হয়। মরদেহ কাউকে না জানিয়ে তার পরিবার বাসায় নিয়ে চলে যায়।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহবুবুর রহমান কাজল খবর পেয়ে নিহত জিমের বাড়িতে গিয়ে দূর্ঘটনার বিষয়ে খোজখবর নেন। সেই সাথে জিমের মা-বাবা খুবই গরীব হওয়ায় জিমের দাফনের জন্য সাহায্যের হাত বাড়িয়ে দেন। তিনি বলেন, এঘটনায় আলমসাধুর চালক হৃদয়কে আটক করা হয়েছে। নিহতের পরিবারের পক্ষ থেকে অভিযোগ করলে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

দামুড়হুদায় যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালন

দামুড়হুদা যথাযথ মর্যাদায় স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকী জাতীয় শোক দিবস পালিত হয়েছে।

উপজেলা প্রশাসনের আয়োজনে, গতকাল রবিবার সকাল সাড়ে৭◌ঃ শাহাদত বার্ষিকী উপলক্ষে উপজেলা পরিষদ চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিত পুষ্পস্তবক অর্পণ, করা হয়, উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন।এরপর উপজেলা বীর মুক্তিযোদ্ধা, উপজেলা আওয়ামী লীগ,দামুড়হুদা প্রেসক্লাব, দামুড়হুদা মডেল থানা,দর্শনা,থানা,আলোচনা সভা,চেক বিতরণ, বৃক্ষরোপণ, বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনসুর বাবু,

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা আঃলীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু, বীর মুক্তিযোদ্ধা’র সাবেক কমান্ডার আছির উদ্দিন, সহকারী কমিশনার ভূমি সুদীপ্ত কুমার সিংহ,মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন,দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আব্দুল খালেক, দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহাবুবুর রহমান

কাজল,দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সদর ইউনিয়ন আঃ লীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, উজেলা শ্রমিক লীগের সভাপতি হাজী আঃ কাদির, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আঃ মতিন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সাকি সালাম, উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ, উপজেলা নির্বাচন অফিসার ইসহাক, উপজেলা মৎস্য কর্মকর্তা আইয়ূব আলী, প্রমূখ।

দামুড়হুদার বিভিন্ন সীমান্তে বিজিবি’র সপ্তাহ ব্যাপী অভিযানে প্রচুর মাদকদ্রব্য আটক

দামুড়হুদা উপজেলার বিভিন্ন সীমান্ত থেকে প্রচুর মাদকদ্রব্য আটক করেছে চুয়াডাঙ্গা-৬ বিজিবি। গত এক সপ্তাহ ধরে দর্শনা, বারাদী, সুলতানপুর, ফুলবাড়ি, মুন্সিপুর, ঠাকুরপুর ও বড়বলদিয়া সীমান্ত থেকে বিজিবি জোয়ানরা প্রচুর পরিমান মাদকদ্রব্য আটক করা হয়।

চুয়াডাঙ্গা-০৬ বিজিবি ব্যাটেলিয়নের পরিচালক মোহাম্মদ খালেকুজ্জামান জানান, এসব মাদকদ্রব্যের মধ্যে রয়েছে ২০০ বোতল ভারতীয় মদ, ০৯ কেজি গাঁজা, ১ কেজি ৯৬৫ গ্রাম চান্দি রুপা, ৩টি মোটর সাইকেল, ৩ হাজার ৮৬০ প্যাকেট সিগারেট, ৩০ বোতল জুস এবং ৫ হাজার পাতা জন্ম বিরতিকরণ ট্যাবলেট আটক করে বিজিবি। যার মুল্যে নিধারণ করা হয়েছে ২৭ লাখ ৮৩ হাজার ৯০০ শত টাকা।

আটককৃত মালিক বিহীন এসব চোরাচালানী মালামাল দর্শনা কাস্টমস্ অফিসে জমা দেওয়া হয়েছে বলে জানান চুয়াডাঙ্গা-০৬ বিজিবি পরিচালক।

আলমডাঙ্গায় ৫শ গ্রাম গাঁজাসহ আটক-১

আলমডাঙ্গা থানা এলাকায় অভিযান চালিয়ে ৫শ গ্রাম গাঁজাসহ আশাদুল হক
(৫০) নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।
বৃহস্পতিবার বিকেল সাড়ে ৪টার দিকে উপজেলার বাড়াদি মাঝের পাড়া নিজ বাড়ি থেকে তাকে গাঁজাসহ আটক করা হয়।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বাড়াদি গ্রামের মাঝের পাড়ার মৃত ডা: নবীছদ্দিনের ছেলে আশাদুল হক। দীর্ঘদিন যাবৎ গোপনে তার নিজ এলাকায় গাঁজা বিক্রয় করে আসছে।

বর্তমানে পুলিশ প্রশাসনের উদ্যোগে মাদক বিরোধী অভিযান পরিচালনা করা হলেও পুলিশের চোঁখ ফাঁকি দিয়ে এ নেশাজাতীয় দ্রব্য বিক্রয় করে।

বৃহস্পতিবার গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানার এসআই সুলতান, এসআই গাফ্ফার, এএসআই আব্দুল হাই সঙ্গীয় ফোর্স অভিযান পরিচালনা করে। অভিযানে বাড়াদি মাঝের পাড়া থেকে আশাদুলকে আটক করে পুলিশ। তার শরীর তল্লাশী করে কাছে থাকা শপিং ব্যাগ থেকে ৫শ গ্রাম গাঁজা উদ্ধার করে পুলিশ।

চুয়াডাঙ্গাতে করোনায় সাংবাদিক ডালিমের ইন্তেকাল

যমুনা টেলিভিশন ও ইউএনবি’র চুয়াডাঙ্গা প্রতিনিধি ও দৈনিক আকাশ খবর পত্রিকার নির্বাহী সম্পাদক আরিফুল ইসলাম ডালিম (৩৮) করোনায় আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ বৃহস্পতিবার দুপুর তিন টার দিকে ঢাকায় নেওয়ার পথে তিনি মৃত্যুবরণ করেন। তিনি চুয়াডাঙ্গা জেলা প্রেস ক্লাবের সাধারণ

সম্পাদকের দায়িত্বে ছিলেন।

চুয়াডাঙ্গা জেলা প্রেস ক্লাবের সভাপতি মানিক আকবর জানান, গত ১৮ জুলাই ডালিম করোনায় আক্রান্ত হন। অবস্থার অবনতি হলে ২১ জুলাই তাকে চুয়াডাঙ্গা জেনারেল হাসপাতালে ভর্তি হন। আজ সকালে তার অবস্থার আরো অবনতি হলে তাকে ঢাকায় নেওয়া হয়। ঢাকার গাবতলি পৌছানোর পর অ্যাম্বুলেন্সে থাকা চিকিৎসক দ্রুত সাভারের এনাম মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন।

তিনি আরো জানান, মরদেহ চুয়াডাঙ্গায় পৌছানোর পর জানাযার সময় ও অন্যান্য কর্মসূচীর সিদ্ধান্ত নেওয়া হবে।

তার এ অকাল মৃত্যুতে মেহেরপুর প্রতিদিন পরিবার গভিরভাবে শোকাহত। শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস ইমন, সম্পাদক ইয়াদুল মোমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু।

আলমডাঙ্গায় র্যাবের অভিযান,২ কেজি গাঁজাসহ আটক-১

আলমডাঙ্গার হারদী গ্রামের ঝিনাইদহ র্যাব-৬ মাদকবিরোধী অভিযান চালিয়ে ২ কেজি গাঁজাসহ ব্যবসায়ী আয়েন আলীকে আটক করেছে।

গত মঙ্গলবার বিকালে হারদী বাজারস্থ ডিস মোড়ে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে গাঁজাসহ তাকে তাকে আটক করে। পরে আলমডাঙ্গা থানায় মাদক নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করেছে।

জানাগেছে, কুষ্টিয়া মিরপুর উপজেলার পাগলা গোপিনাথপুর গ্রামের মৃত নবী ছদ্দিনের ছেলে আয়েন আলী (৩৫) দীর্ঘদিন ধরে গাঁজা সেবন ও বিক্রয় করে আসছে। সে বাইরে থেকে গাঁজা ক্রয় করে নিয়ে এসে মিরপুর উপজেলার পাগলা, মালিহাদ, ঝুটিয়াডাঙ্গা, আসাননগর, চকহারদী, বাজিতপুর ও পার্শবর্তী আলমডাঙ্গা উপজেলার কয়েকটি গ্রামের খুচরা ও

পাইকারি বিক্রয় করে আসছিল। গত মঙ্গলবার গোপন সংবাদের ভিত্তিতে ঝিনাইদহ র্যাব ক্যাম্প-৬“র ডিএডি নজরুল ইসলাম অফিসার ফোর্স নিয়ে হারদী এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এসময় হারদী বাজারস্থ ডিস মোড়ে র্যাবে উপস্থিতি টের পেয়ে আয়েন আলী কৌশলে পালিয়ে যাওয়ার চেষ্টা করলে তাকে আটক করে। আটকের পর তার নিকট থাকা ব্যাগ তল্লাশিকালে ২ কেজি গাঁজা উদ্ধার করে। রাতেই আলমডাঙ্গা থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে আয়েন আলীর বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। এছাড়া তার বিরুদ্ধে চুয়াডাঙ্গা সদর থানায় একটি মাদক মামলা রয়েছে। বুধবার তাকে আদালতে প্রেরন করা হয়েছে।

সাংবাদিক হাসমতকে হত্যার হুমকিদাতাকে চিহ্নিত করে গ্রেফতারের দাবী

দর্শনা প্রেসক্লাবের সদস্য, যায়যায়দিন ও দৈনিক মাথাভাঙ্গা পত্রিকার প্রতিনিধি হাসমত আলীকে মুঠো ফোনে অজ্ঞাত সন্ত্রাসীরা হত্যার হুমকি দিয়েছে।

এ ঘটনায় থানায় সাধারণ ডায়েরী করেছেন হাসমত আলী। হুমকিদাতাকে চিহ্নিত করে গ্রেফতারের দাবী তুলে দর্শনা প্রেসক্লাবে অনুষ্ঠিত হয়েছে জরুরী বৈঠক। বুধবার সন্ধ্যায় দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির যৌথ আহ্বানে অনুষ্ঠিত বৈঠকের সভাপতিত্ব করেন ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু।

আলোচনা করেন, সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, সাধারণ সম্পাদক এসএম ওসমান, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হারুন রাজু, সহসভাপতি জাহিদুল ইসলাম, যুগ্নসম্পাদক নজরুল ইসলাম, সাবেক সভাপতি হানিফ মন্ডল, সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবীব মামুন, সাংবাদিক এফএ আলমীগর, মোস্তাফিজুর রহমান কচি,। সাবেক সভাপতি ইকরামুল হক পিপুলের উপস্থাপনায় অন্যান্যের মধ্যে আলোচনা করেন, হাসমত আলী, আ. রহমান, সুজন মাহমুদ, আ. হান্নান, ইমতিয়াজ

রয়েল, আবিদ হাসান রিফাত, মাসুম ব্লিল্লাহ, সুকমল চন্দ্র দাস বাধন প্রমুখ।।

সাংবাদিক আজিম উদ্দিনের আত্নার মাগফেরাত ও ডালিমের সুস্থতা কামনায় দোয়া মাহফিল

দর্শনা প্রেসক্লাবের সাবেক সহসভাপতি আজিম উদ্দিন আহমেদের আত্নার মাগফেরাত কামনা ও যমুনা টেলিভিশনের চুয়াডাঙ্গা প্রতিনিধি আরিফুল ইসলাম ডালিমের সুস্থতা কামনা করে দর্শনা প্রেসক্লাবে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার রাত ৯ টার দিকে দর্শনা প্রেসক্লাব ভবনে অনুষ্ঠিত দোয়া মাহফিল অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে আলোচনা করেন, দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান কাজল। সংক্ষিপ্ত আলোচনা করেন, ক্লাবের সভাপতি মনির“জ্জামান ধীর, সাধারণ সম্পাদক হার“ন রাজু, সহসভাপতি জাহিদুল ইসলাম, যুগ্নসম্পাদক নজর“ল ইসলাম, সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক এসএম ওসমান, প্রেসক্লাবের সাবেক সভাপতি হানিফ মন্ডল, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন, চঞ্চল মেহমুদ, সাংবাদিক এফএ আলমীগর, মোস্তাফিজুর রহমান কচি,। সাবেক সভাপতি ইকরামুল হক পিপুলের উপস্থাপনায় অন্যান্যের মধ্যে আলোচনা করেন, হাসমত আলী, আ. রহমান, সুজন মাহমুদ, আ. হান্নান, ইমতিয়াজ রয়েল, আবিদ হাসান রিফাত, মাসুম বিল্লাহ, সুকমল চন্দ্র দাস বাধন প্রমুখ। দোয়া পরিচালনা করেন সাংবাদিক এফএ আলমগীর।

দামুড়হুদায় মোবাইল ফোনে সাংবাদিককে হত্যার হুমকি দুর্বৃত্তদের ! থানায় জিডি

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি গ্রামের সাংবাদিক হাসমত আলীকে মোবাইল ফোনে হত্যার হুমকি দিয়েছে দুর্বৃত্তরা। মঙ্গলবার ভোরে ৪টি মোবাইল নম্বর থেকে তাকে এই হত্যার হুমকি দেওয়া হয়েছে।

তিনি উপজেলার কুড়ুরগাছি গ্রামের আবু তালেবের ছেলে ও দৈনিক যায়যায়দিন পত্রিকার দামুড়হুদা (চুয়াডাঙ্গা) প্রতিনিধি। এ ঘটনায় গতকাল মঙ্গলবার দুপুরে সাংবাদিক হাসমত আলী বাদী হয়ে দর্শনা থানায় একটি সাধারণ ডায়রি করেছেন।

সাংবাদিক হাসমত আলী জানান, মঙ্গলবার ভোরে তিনি দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি নিজ বাড়িতে শুয়ে ছিলেন। এ সময় ০১৫১৮৭৬৪০৮৯ নম্বর মোবাইল থেকে তাকে ফোন করে হত্যার হুমকি প্রদর্শন করে। এসময় আমি ফোনটি কেটে দিয়। পরবর্তীতে আরও ০১৫১৮৭৬৪৯৯৩, ০১৫১৮৭৬৪৭৮৫, +১৯৭১০১৯৫২ তিনটি নাম্বার থেকে আমাকে ফোন দিয়ে হত্যার হুমকি প্রদর্শন করেছে।

ঘটনার পর আমি নিরাপত্তাহীনতায় ভুগছি।এ ঘটনায় দর্শনা থানায় একটি সাধারণ ডায়রি করা হয়েছে।

এ বিষয়ে দর্শনা প্রেসক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু ও সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন বলেন, সাংবাদিক হাসমত আলীকে হত্যার হুমকি দেওয়ায় আমরা উদ্বিগ্ন প্রকাশ করছি। হত্যার হুমকি দেওয়ার ঘটনার সাথে যারা জড়িত তাদেরকে দ্রুত আইনের আওতায় এনে শাস্তির দাবি জানিয়েছেন।

আলমডাঙ্গায় ট্রেনে কাটা অজ্ঞাত যুবকের লাশ উদ্ধার

আলমডাঙ্গার রেল জগন্নাথপুরে ট্রেনে কেটে অজ্ঞাত এক যুবকের মৃত্যু হয়েছে। সোমবার সকাল ৯ টার দিকে জগন্নাথপুর চেংখালী মাঠ থেকে ওই যুবকের মরদেহ উদ্ধার করে রেলওয়ে পুলিশ। পরে মরদেহ ময়না তদন্তের জন্য সদর হাসপাতাল মর্গে পাঠায়।

জানাগেছে, আলমডাঙ্গার কালিদাসপুর ইউনিয়নের রেল জগন্নাথপুর গ্রামের চেংখালী মাঠে কয়েকজন কৃষক মাঠে যাচ্ছিলো।
সকালে স্থানীয় লোকজন রেল লাইনের উপরে দুই হাত বিচ্ছিন্ন রক্তাক্ত লাশ দেখতে পায়।

বিষয়টি এলাকাজুড়ে ছড়িয়ে পড়লে স্থানীয়রা চুয়াডাঙ্গা রেলওয়ে পুলিশকে খরব দেয়। দুপুরে চুয়াডাঙ্গা রেলওয়ে পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে সুরতহাল রিপোর্ট সংগ্রহ করে লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে ময়নাতদন্তের জন্য পাঠায়। তবে নিহত যুবকের পরিচয় জানতে পারেনি পুলিশ ও স্থানীয়রা ।

চুয়াডাঙ্গা রেলওয়ে পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক নরেশ চন্দ্র দাস জানান, ভোরে খুলনা থেকে পোড়াদহগামী মালবাহী ট্রেনে কাটা পড়ে ওই যুবকের মৃত্যু হয়। পরে স্থানীয়দের মাধ্যমে খবর পেয়ে মরদেহ উদ্ধার করা হয়েছে। তার নাম পরিচয় শনাক্ত করা যায়নি। মরদেহ চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।